গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

**বিষয়: জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির ১৭ তম সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল হালিম<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ২২ আগস্ট, ২০১৯ খ্রি. বৃহস্পতিবার |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সময় | : | সকাল ০৯.৩০ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে জনাব এস. এম. আশরাফুজ্জামান, পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন ।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | <u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ</u><br>গত ০৬ মে, ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৬তম সভার কার্য-বিবরণী উপস্থাপন করা হয় । এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত ১৬তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। |
| ২ | <u>এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত</u><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জন্য ০৩টি আঞ্চলিক কার্যালয় স্থাপনসহ সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন ক্যাটাগরিতে ১৭৭ (একশত সাতাত্তর)টি নতুন পদ সৃজনের বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে গত ০৪-০৮-২০১৯ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়েছে । অর্থ মন্ত্রণালয় হতে ইতোমধ্যে জনবল বৃদ্ধি করার মাধ্যমে এনপিও'র অফিসকে আপগ্রেডেশন করে ডিজি অফিসে রূপান্তর করা হয় মর্মে সভাকে জানানো হয় । তিনি এনপিওকে ডিজি অফিসে রূপান্তরের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কর্মকান্ডের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান ।<br>সভাপতি এনপিও দপ্তরের আপগ্রেডেশন বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কর্মকান্ডের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার পরামর্শ প্রদান করেন । | এনপিও দপ্তরকে ডিজি অফিসে রূপান্তরের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সুনির্দিষ্ট কর্মকান্ডের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>শিল্প মন্ত্রণালয়<br>**(খ) পরিচালক,** এনপিও |
| ৩ | <u>এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত</u><br>এনপিও এর পরিচালক জানান যে, এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের মামলাটি গত ২৫ জুলাই ২০১৯ তারিখের শুনানিতে অ্যাটর্নি জেনারেল অংশগ্রহণ করেন ও পুনরায় শুনানির জন্য Cause List এ অন্তর্ভুক্ত আছে । তিনি আরো জানান যে গত ২১ আগস্ট, ২০১৯ তারিখে মামলাটির শুনানির জন্য অ্যাটর্নি জেনারেল (AG) এর নিকট উপস্থাপন করা হলে সময়ের স্বল্পতার কারণে পরবর্তী তারিখে পুনরায় মামলার শুনানির দিন ধার্য্য করার বিষয়ে মতামত প্রদান করেন । এ প্রেক্ষিতে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমকে ত্বরান্বিত করার ক্ষেত্রে এনপিও'র ভবনে এসএমই ফাউন্ডেশনের জন্য নিজস্ব অফিস স্থাপন করার সুযোগ প্রদানে শিল্প | (ক) অ্যাটর্নি জেনারেল (AG) / ডেপুটি অ্যাটর্নি জেনারেল (DAG) অফিসের সাথে সর্বাত্মক ও কার্যকরী যোগাযোগ সৃষ্টি করে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে ।<br>(খ) বেসরকারি আইনজীবী নিয়োগ এবং আর্থিক সহযোগিতার জন্য এসএমই ফাউন্ডেশন বরাবর পত্র প্রেরণ করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>শিল্প মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| | মন্ত্রণালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি উল্লেখিত প্রকল্পের মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সরকারি আইনজীবীর পাশাপাশি বেসরকারি আইনজীবী নিয়োগ করার উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন ।<br>সভাপতি এনপিও'র বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণের জন্য মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে বেসরকারি আইনজীবী নিয়োগ ও উক্ত আইনজীবীর ফি সহযোগিতার জন্য এসএমই ফাউন্ডেশন কর্তৃক বহনের নিমিত্তে পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন । | (খ) ব্যবস্থাপনা পরিচালক<br>এসএমই ফাউন্ডেশন<br>গ) পরিচালক, এনপিও<br>(ঘ) রেজিস্ট্রার, DPDT |
| ৪ | <u>এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ</u><br>পিইসি সভার সিদ্ধান্তের আলোক "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ শীর্ষক ১২৬৩.০৯ লক্ষ টাকার প্রাক্কলিত ব্যয়ে জিওবি'র বাজেটে বাস্তবায়নের লক্ষ্যে ২৩ জুলাই ২০১৯, তারিখে উল্লেখিত প্রস্তাবটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন । তিনি শিল্প মন্ত্রণালয় হতে গত ০৮ আগস্ট, ২০১৯ তারিখে প্রস্তাবিত প্রকল্পটি পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে জানান । এছাড়াও আলোচ্য প্রকল্পটি চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতির জিজ্ঞাসাবাদে এনপিও'র পরিচালক আলোচ্য উন্নয়ন প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৬৩.০৯ (বার কোটি তেষট্টি লক্ষ নয় হাজার) টাকা হওয়ায় একনেকের অনুমোদনের প্রয়োজন হবে না এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আগামী অর্থ বছরে প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা যাবে ।<br>সভাপতি এনপিও'র জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নে পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | (ক) পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণকৃত এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির ফলোআপ করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) **পরিচালক,** এনপিও<br>(খ) পরিকল্পনা অনুবিভাগ<br>শিল্প মন্ত্রণালয় । |
| ৫ | <u>এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয়ে আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ</u><br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৯ সালে Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য **৭টি আবেদন এপিও তে প্রেরণ করা হয়েছে** । তদানুযায়ী ২০১৯ সালে এপিও কর্তৃক গৃহিত নিম্নোক্ত ৩টি Technical Expert Service (TES) গ্রহণের কর্মসূচি বাস্তবায়ন করা হবে ।<br>১। TES on Lean Manufacturing System and Application. বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন। তারিখঃ ০৩-০৫ সেপ্টেম্বর ২০১৯<br>২। Knowledge Management, বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ এনপিও তারিখঃ ২৪-২৮ নভেম্বর, ২০১৯<br>৩। Labour Management Cooperation (LMC) বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ এনপিও, তারিখঃ ০৯-১৩ ডিসেম্বর, ২০১৯<br>সভাপতি আগামী ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) গ্রহণের ব্যাপারে এনপিও প্রয়োজনীয় উদ্যোগ করার পরামর্শ প্রদান করেন । | আগামী ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) গ্রহণের কর্মসূচি অধিক সংখ্যক প্রাপ্তির লক্ষ্যে এনপিও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে ।<br>**বাস্তবায়ন : পরিচালক,** এনপিও |

| | | |
|---|---|---|
| ৬ | **সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর**<br>এনপিও কর্তৃক বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (এলএফএমইএবি) এর নিকট খসড়া সমঝোতা স্মারক প্রেরণ করা হয়েছে মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন । তিনি উল্লেখিত অ্যাসোসিয়েশনসমূহ এর সাথে প্রয়োজনে দ্বি-পাক্ষিক আলোচনা সভা করার মাধ্যমে **মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং (MOU)** স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে জানান ।<br>সভাপতি এনপিও কর্তৃক উল্লেখিত অ্যাসোসিয়েশনসমূহের সাথে প্রস্তাবিত MOU স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশনসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন : পরিচালক,** এনপিও |
| ৭ | **শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ**<br>পরিচালক এনপিও জানান, এনপিও কর্তৃক প্রস্তুতকৃত Content টি এসএসসি ও দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণীর কারিকুলাম ও পাঠ্যপুস্তকে "উৎপাদনশীলতার ধারণা" আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বইটিতে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষা ও পাঠ্যপুস্তক (এনসিটিবি) তে প্রেরণ করা হয়েছে । তিনি জাতীয় শিক্ষা কারিকুলাম বোর্ড বাংলাদেশ হতে বিষয়টি ২০২১ শিক্ষাবর্ষে প্রকাশিতব্য পাঠ্যপুস্তকে উৎপাদনশীলতার ধারণা নামক অধ্যায় সংযোজনের বিষয়টি বিবেচনাধীন আছে মর্মে জানানো হয়েছে বলে সভাকে অবহিত করেন । এ পরিপ্রেক্ষিতে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তকরণের বিষয়টি চূড়ান্তকরণের কার্যকরী ভূমিকা গ্রহণের জন্য এনপিও, শিল্প মন্ত্রণালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রস্তুতকৃত চূড়ান্ত Content টি বানানসহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করার উপর গুরুত্ব আরোপ করেন ।<br>সভাপতি এনপিও কর্তৃক প্রস্তুতকৃত চূড়ান্ত Content টি এসএসসি ও দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণীর শিক্ষা কারিকুলাম ও পাঠ্যপুস্তক (আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ) বইটিতে অন্তর্ভুক্ত করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বাংলাদেশের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) **পরিচালক,** এনপিও |
| ৮ | **এপিও'র সহায়তায় এনপিও, শিল্প মন্ত্রণালয় দশ বছর মেয়াদী National Productivity Master plan 2021-2030 প্রণয়ন**<br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র সহায়তায় এনপিও, শিল্প মন্ত্রণালয় দশ বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন করা হয়েছে যা এপিও সেক্রেটারী জেনারেল গত ২২ জুলাই মাননীয় প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি এবং সম্মানিত শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম মহোদয়ের উপস্থিতিতে শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় **মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি** এর নিকট হস্তান্তর করেন । তিনি Master Planটি বাস্তবায়নের লক্ষ্যে "National-level Productivity enhancement" **বিষয়ক** ০৩টি কর্মশালা আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন । কর্মশালাসমূহ নিম্নরূপঃ- | ক) এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক বৎসরভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br><br>খ) National Productivity Master Plan 2021-2030 বাস্তবায়নের লক্ষ্যে বৎসর ভিত্তিক কর্মপরিকল্পনা তৈরি করে উপস্থাপন করতে হবে ।<br><br>গ) National Productivity Master Plan 2021-2030 যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে Development Project গ্রহণের উদ্যোগ নিতে হবে । |

| | | |
|---|---|---|
| | ১। Master Plan বাস্তবায়নের লক্ষ্যে এনপিও ও এপিও এর যৌথ উদ্যোগে গত ২৩ জুলাই ২০১৯, এনপিও'র সম্মেলন কক্ষে (এনেক্স বিল্ডিং- ৪র্থ তলা) "National-level Productivity enhancement" বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব পর্যায়ের ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।<br><br>২। বাংলাদেশের বিভিন্ন সেক্টরের উৎপাদনশীলতা, গুণগতমান, প্রতিযোগিতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র সহায়তায় এনপিও, শিল্প মন্ত্রণালয় গত ২৪-২৫ জুলাই, ২০১৯ তারিখে এনপিও'র সম্মেলন কক্ষে (এনেক্স বিল্ডিং-৪র্থ তলা) "Enterprise Level Productivity Enhancement" বিষয়ক ০২টি কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় বিভিন্ন এসোসিয়েশন ও ট্রেডবডির উর্ধ্বতন পর্যায়ের ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন । উক্ত কর্মশালাদ্বয়ে এপিও হতে আগত রিসোর্স পারসনরা National Productivity Master Plan 2021-2030 এর বিভিন্ন দিক উপস্থাপন করেন মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন । এ প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ লুৎফুন নাহার বেগম জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বাড়াতে এপিও'র সহায়তায় যে National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন করা হয়েছে তা সরকারের ভিশন ২০২১ এবং SDGs বাস্তবায়নে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে মর্মে মতামত ব্যক্ত করেন । তিনি SDGs'র অভীষ্ট লক্ষ্যসমূহ বাস্তবায়নে সম্পৃক্ত মন্ত্রণালয়সমূহের আলোকে উল্লেখিত National Productivity Master Plan 2021-2030 টি বাস্তবায়নে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের বিষয়ে মতামত ব্যক্ত করেন । সভাপতি এনপিও'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, এনপিও কর্তৃক SDGs অভীষ্ট লক্ষ্যসমূহ বাস্তবায়নের সাথে সামঞ্জস্য রেখে বৎসর ভিত্তিক ০১টি কর্মপরিকল্পনা গ্রহণ করার উপর গুরুত্ব আরোপসহ Master Plan এর উপর শিল্প মন্ত্রণালয় কর্তৃক Development Project (DP) গ্রহণের উপর মতামত ব্যক্ত করেন ।<br><br>সভাপতি জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বাড়াতে National Productivity Master Plan 2021-2030 যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বৎসর ভিত্তিক কর্মপরিকল্পনা, আন্তঃমন্ত্রণালয়ের সভা ও Development Project গ্রহণ করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | বাস্তবায়ন :<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) **পরিচালক, এনপিও** |
| ৯ | <u>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮ প্রদান</u><br><br>পরিচালক সভাকে অবহিত করেন যে, জাতীয় শিল্প ক্ষেত্রে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগত মান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য গত ২৮ জুলাই, ২০১৯ তারিখ রবিবার, সকাল ১১.০০ টায় ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, আইডিইবি ভবন, কাকরাইল ভিআইপি রোড, ১৬০/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা এ ৬ষ্ঠ বারের মত ২৮টি শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮** এবং প্রথমবারের মত ০৩টি ট্রেডবডি এসোসিয়েশনকে/ **ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন ক্রেস্ট ২০১৮** প্রদান করা হয়েছে । তিনি এনপিও কর্তৃক আয়োজিত সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর ব্যাপক প্রচারনার অংশ হিসেবে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্যবসায়িক সংগঠন এবং বিসিকের আঞ্চলিক অফিসসহ অঞ্চলভিত্তিক কর্মশালার আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>বাস্তবায়ন :<br>(ক)- পরিচালক, এনপিও |

| | | |
|---|---|---|
| | হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী **জনাব নূরুল মজিদ মাহমুদ হমায়ুন এমপি**, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী **জনাব কামাল আহমেদ মজুমদার এমপি এবং** সম্মানিত শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম মহোদয় সভাপতিত্ব করেন মর্মে সভাকে জানান । এফিবিসিসিআই এর সচিব শাহ মোঃ আবদুল খালেক বলেন মাঠ পর্যায়ের মাঝারি ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ডের ব্যাপারে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে সরকারি বেসরকারি টেলিভিশন, সোশ্যাল মিডিয়া এবং অঞ্চলভিত্তিক কর্মশালা, আলোচনা সভা আয়োজন করার জন্য এনপিও, শিল্প মন্ত্রণালয়কে ব্যাপক উদ্যোগ গ্রহণ করতে হবে । তিনি প্রয়োজনে এসএমই ফাউন্ডেশন এবং বিসিক এর আঞ্চলিক অফিসের কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করে পত্র প্রেরণের বিষয়ে মত ব্যক্ত করেন ।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর ব্যাপক প্রচারনার অংশ হিসেবে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্যবসায়িক সংগঠন এবং বিসিকের আঞ্চলিক অফিস সহ অঞ্চলভিত্তিক কর্মশালা আয়োজন করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | |
| ১০ | <u>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সরকারি সুযোগ সুবিধা বৃদ্ধি</u><br>এনপিও'র পরিচালক বলেন, আন্তঃমন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এর খসড়া নীতিমালা ২০১৯ চূড়ান্তকরণের জন্য বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত সংগ্রহের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছিল । তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ এবং বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় হতে উক্ত নীতিমালার উপর প্রাপ্ত মতামত সংযোজন করে পুনরায় গত ০৮-০৮-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন ।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালাটি চূড়ান্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর নীতিমালাটি চূড়ান্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br>ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br><br>(খ) এ সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটি |
| ১১ | <u>এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ</u><br>এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও'র বার্তা ৫ম সংখ্যা (জানুয়ারি-জুন, ২০১৯) এর প্রাথমিক কাজ সম্পন্ন করে বিজি প্রেসে প্রেরণের নিমিত্তে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন ।<br><br>সভাপতি এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও'র বার্তা ৫ম সংখ্যা (জানুয়ারি-জুন,২০১৯) এর কার্যক্রম দ্রুত সম্পাদন করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষাণ্মাসিক এনপিও বার্তা প্রকাশ করতে হবে।<br><br>**বাস্তবায়ন :** পরিচালক, এনপিও |
| ১২ | <u>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক</u><br>ক) এনপিও'র পরিচালক সভাকে জানান, এনপিও কর্তৃক বিগত ০৩ বছরের বাস্তবায়িত বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের প্রশিক্ষণের ফলাফল নিরূপণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য শিল্প মন্ত্রণালয়ে অর্থ বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা হয়েছে । তিনি বাজেট প্রাপ্তির পর কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন । | ক) এনপিও'র কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের প্রশিক্ষণের ফলাফল নিরূপণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>(খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন সুনির্দিষ্ট প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবেন । |

| | | |
|---|---|---|
| | (খ) এনপিওর' উদ্যোগে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন গত ১৯-২০ জুন, ২০১৯ তারিখে MFCA বাস্তবায়নের উপর দুইদিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এছাড়াও এনপিও একটি টিমকে উক্ত কর্পোরেশনের কয়েকটি মিলে প্রস্তাবিত MFCA ট্রেনিং বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানান ।<br>সভাপতি এনপিও কর্তৃক MFCA বাস্তবায়ন সংক্রান্ত দুইদিনের কর্মশালার উপর মতামত প্রদানের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের দৃষ্টি আকর্ষণ করেন । এ প্রেক্ষিতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের চেয়ারম্যান, জনাব অজিত কুমার পাল, এফসিএ বলেন শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি কর্পোরেশন হলেও কর্পোরেশনের নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের সময় উপযোগী প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করা হয়নি । ফলে কর্মকর্তা কর্মচারীদের উৎপাদনশীলতার হার খুবই কম । তিনি আরো বলেন এনপিও কর্তৃক কর্পোরেশনের আওতাধীন প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা এবং কর্মচারীদের উৎপাদনশীলতা উন্নয়নের পাশাপাশি আরো উন্নততর প্রশিক্ষণের প্রয়োজন ।<br>পরিচালক এনপিও বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনে এনপিও কর্তৃক ইতোমধ্যে একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করার বিষয়টি সভাকে অবহিত করেন ।<br>সভাপতি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমুহ হতে সুনির্দিষ্ট প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নের পদক্ষেপ নিতে চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনকে নির্দেশনা প্রদান করেন। | বাস্তবায়ন :<br>(ক) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br>(খ) পরিচালক, এনপিও |
| ১৩ | <u>কৃষি, শিল্প ও সেবা সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ</u><br>এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) পরবর্তী Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনা করা হবে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>সভাপতি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) পরবর্তী Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনা করতে হবে ।<br><br>বাস্তবায়ন : পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ আবদুল হালিম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি

## ২২-০৮-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত **জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১৭ তম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | [illegible] পরিচালক | বিসিক | টেলিফোন:<br>ই-মেইল: | [signature] |
| ২. | মো: সফিকুল ইসলাম উপমহাব্যবস্থাপক | এস এম ই ফাউন্ডেশন | টেলিফোন: ০১৭১৩০১০১৬৮<br>ই-মেইল: md@smef.org.bd | [signature] |
| ৩. | মো: মোস্তাক হাসান, এনডিসি চেয়ারম্যান | বিটিএমসি | টেলিফোন: 01714-882145<br>ই-মেইল: mostaque.hassan@gmail.com | [signature] |
| ৪ | AJIT KUMAR PAUL FCA CHAIRMAN | BSFIC | টেলিফোন: 01741126758<br>ই-মেইল akpend@yahoo.com | [signature] |
| ৫ | M. Abdur Rahman Dy Chief, [redacted] | MCCI | টেলিফোন: 01914-613942<br>ই-মেইল: marahman_53@yahoo.com | [signature] 22/08/19 |
| ৬ | মিজানুর রহমান চেয়ারম্যান. | BSEC | টেলিফোন: 01732912595<br>ই-মেইল: mizanurrla@yahoo.com | [signature] |
| ৭ | মোছাম্মৎ ফাতেমা বেগম উ.প.ক. | NPO | টেলিফোন: 01557386706<br>ই-মেইল: fatamabegum npo@gmail.com | [signature] |
| ৮ | মো: মেহেদী হাসান | NPO | টেলিফোন: 01716981810<br>ই-মেইল: mehedinpo@gmi | [signature] |

২২-০৮-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত **জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র ১৭ তম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্র. নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৯ | [illegible] | | টেলিফোন:<br>ই-মেইল: | 22/8/19 |
| ১০ | [illegible] | FBCCI | টেলিফোন: 01711-373980<br>ই-মেইল: Khaleque_fbcci@yahoo.com | |
| ১১ | [illegible] DGM (food) | BSME | টেলিফোন: 01552326908<br>ই-মেইল: production.bsme@gmail.com | |
| ১২ | [illegible] | BCIC | টেলিফোন: 01787675558<br>ই-মেইল yamnun.bcic.2818.3@gmail.com | 22/08/19 |
| ১৩ | [illegible] | [illegible] | টেলিফোন: 01711531811<br>ই-মেইল: | |
| ১৪ | মো: নজরুল ইসলাম | এনপিও | টেলিফোন: 01556332568<br>ই-মেইল: npobangla@yahoo.com | |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| | | | টেলিফোন:<br>ই-মেইল; | |